অঙ্কিত

বঙ্গীয় শব্দকোষ

বিণ [√অঙ্ক্ + ত (ক্ত) -র্ম্ম; স্ত্রী -তা]

১ চিহ্নীকৃত, চিহ্নিত।

২ লাঞ্ছিত (Branded)।

৩ দূষিত, নিন্দিত।

৪ দূষিত, লিপ্ত।

৫ মুদ্রিত, কৃতমুদ্রাঙ্কন (Stamped)।

৬ রেখাদ্বারা কৃত; চিত্রিত, লিখিত, আঁকা।

৭ [অঙ্ক+ইত (ইতচ্), 'সঞ্জাত' অর্থে] জাতাঙ্ক, অঙ্কযুক্ত, রেখান্বিত।

৮ (বাঙ্‌লায়) সবিস্তর বর্ণনা দ্বারা প্রতিবিম্বিত (বিষয়)।

"ভুজে শচীপত্রবিশেষকাঙ্কিতে রঘু ৩.৫৫; কুলিশব্রণাঙ্কিত ৬৮; রাবণশরাঙ্কিত ১২.১০০। নামধেয়াঙ্কিত শ ৪. ১/২ ৯/০। নামাঙ্কিত তুলসীর দল শ্রী.মা ২১৩। রামনামাঙ্কিত অশ্বমেধনিমন্ত্রণপত্র সী ৭০।

"তৎ কো নাম গুণো ভবেৎ সুগুণিনাং যো দুর্জনৈর্নাঙ্কিতঃ (নীতিশতক)।

"অংহেতে অঙ্কিত অঙ্গ ভা.চ ৪২৮।

"রয়েছে মূরতি হৃদি-পাষাণে অঙ্কিত, শুধু তার, মর্ম্মে যার শেল বিঁধিয়াছে (পদ্মপাঠ, ২য় ভাগ)।

"বলি অঙ্কিত শিথিল চর্ম্ম।—রবীন্দ্র।